There were days not even a century ago mental inadequacies had a clinical classification as moron, imbecile and idiot (<https://www.merriam-webster.com/words-at-play/moron-idiot-imbecile-offensive-history>). These were also terms loosely used in common parlance and always in a derogatory manner. To demean somebody. Later classifications of mental retardation got a more scientific touch based on IQ assessment. And now we use a practical approach so as to decide whether a mentally retarded child is trainable, educable or even capable of attending normal school. It is believed by many that keeping a retarded child with a bunch of normals shall stimulate him to achieve better. Personally I have seen and believe that changing names and classifications don't achieve very much. Not in our country. Not yet. The absence of infrastructure to handle the special needs of mentally disabled children is a truth. A herculean task to undertake. And here again, in recent times we have camouflaged disabled with

differently abled. The fact doesn't change. The child still can't be normal. Normal like the other normal kids. It's an emotional poultice for the parents. A line of hope to keep the chin up for longer. Ethnic and racist issues have renamed Mongols as Down's syndrome. The bitter truth is they are still Trisomy 21 and with an average IQ of 50.

What is more devastating is that many of these kids with special needs also have other physical ailments. A majority has various degrees of cerebral palsy causing movement difficulty; some have seizure disorders warranting medication through life. Speech disorders are often associated and a significant number need to be in diapers beyond infancy.

A centre with an aim to provide holistic care is what is theoretically needed for children with special needs. A centre providing physical, mental, emotional support. Which in reality converts to the presence of a Pediatrician with interest and expertise in Developmental Pediatrics, a psychologist, a psychiatrist, a physiotherapist, special educators, social workers and the regular staff any school would need. The centre actually is a consortium of a school a rehabilitation centre and a clinic. It is a task of great magnitude involving major funds and that too a continuous inflow of funds to keep the unit functioning over years.

Dristi, Salt Lake, has been doing a commendable job at a tiny level where it has achieved the special education and partially the rehabilitation part of it. To be more

meaningful it needs to grow in size. This can only be done by joining hands with other allied societies and regional bodies working with such children. Political liaison becomes important too in our country. There's the caveat. Experience tells me that political personnel always lend a helping hand with an ulterior motive. So a payback time is bound to come down the line.

It is easier to hold meetings, publish and canvass in a metropolis. Much more difficult in the suburbs. And the population of children needing support of such 'under one roof institutions' is far more than are available today. Only a handful of moderately good centres are available in Kolkata. The population they cater to is overwhelming. The staff overworked and underpaid and therefore often the optimal level of care is not delivered. Sad as that is, it is the best one gets.

If we now think of what happens to a child with cerebral palsy and mental retardation who hails from Kakdeep, the answer is a big zero. Since most of my practising years as a Pediatrician I have spent treating children from 24 Parganas (S), I can state with fair degree of certainty that the emotional, financial and physical burn out comes so much more faster in these families located in the districts and villages. Goading them to attend better centres in the heart of Kolkata, egging them on to be regular, diligent, constantly pursue home physiotherapy, do clinic follow ups on schedule, in addition to the routine chores every normal family does add to their woes rather than solve their problems. A feeling of guilt worms its way into their hearts for not having succeeded in providing the best for their child in need. And from the guilt often stems anger. Suddenly the 'special child' is a 'special problem'. The physical and mental

health of the caregiver (most often the parents) is jeopardized. It is therefore society's responsibility to look after the caregiver too. And anybody would say it's asking too much.

A thoroughly organised professional body can handle the task. The multitude of corporate hospitals in this city tells us that. But they all do invest to make a profit. Endeavor of this kind is definitely not going to show them money.

We are in an area of almost certain 'failure to cure'. Our children with special needs (or here I should use the archaic term handicap which sounds strong and delivers the message home) are definitely not going anywhere big. They are being given a milieu, a support system within the existing means of the parents, society or NGO to reach the best in their limited potential. So the drive to see one's child achieve success gets truncated fast.

The movie "Tare Zameen Par" gives an optimistic overview of learning disabilities. A very partial picture though. But I do feel we need to have movies on achievements by people with constraints or impediments. As we do need books, plays and even interactive video games if possible. It helps parents and professionals to keep the spirit up, think and innovate methods of tackling problems in daily life. We need international and local peer/ parent groups. They rebuff the feeling of being together in a situation. Always easier when one knows one is not alone in distress.

And hope is the sole driving force in enduring the journey with a child with special needs. Having realistic goals, (which will never match the present day's digital targets) and developing the ability to rejoice in small achievements is a definite necessity. I have seen parents, although very few

to be honest, who continue to enjoy the one life they have and keep the smile on their child's face radiant despite all shortcomings. There is a full life's lesson to be learnt from them.


Annexure :

- <http://autismsocietyofindia.org/>
- <https://m.facebook.com/autismsociety-westbengal>
- <http://dyslexiaindia.org.in/>
- <http://rehabcouncil.nic.in/default.aspx>

Class	IQ
Profound mental retardation	Below 20
Severe mental retardation	20-34
Moderate mental retardation	35-49
Mild mental retardation	50-69
Borderline intellectual functioning	70-80

### Degrees of Mental Retardation

- Mild Mental Retardation: 3-6/1000 people
  - IQ between 50-55 & 70
- Moderate Mental Retardation: 2/1000 people
  - IQ between 35-40 & 50-55
- Severe Mental Retardation: 1.3/1000
  - IQ between 20-25 & 35-40
- Profound Mental Retardation: 0.4/1000
  - IQ below 20 or 25



### Mental Retardation Classification Schemes

The American Association on Mental Deficiency committee on classification in 1910 established the following:

- **Idiot**: arrested development at the level of a 2 year old.
- **Imbecile**: Development equal to that of a 2-7 year old
- **Moron**: Development equal to a 7-12 year old.

### Current Mental Retardation Classification Scheme

The American Association on Mental Retardation now focuses on the type and intensity of support required (DIQ less than or equal to 75 and deficits in two adaptive behavior domains).

- Intermittent**
- Limited**
- Extensive**
- Pervasive**



## The Awakening

Debalina De Mukherjee

Having children is a blissful experience for parents. It is a blessing of God endowed upon us. Parents yearn to enjoy their sweet smiles, tender touch, flicker of innocent eyes and their meaningless calls. As time passes, the caterpillars get transformed to colourful butterflies building up a hidden pressure both on the parents and the children. Social, educational health and career norms force parents to apply an undue pressure on their children. They start hammering the soft, tender souls to fulfill personal and social needs. Gradually the blissful relationship on unconditional love gets into the grooves of compulsion, dissatisfaction, accusation which leads to a total state of blasphemy.

I have often noticed that parents tend to forget about their own childhood and the emotions they had gone through. Instead, they behave like perfectionists, and busy themselves with finding and rectifying the classes of their wards. This results in a tug of war. 'Useless', 'hopeless', 'shameless' etc, are common words used which surrounds negativity to both parents and their children. This unpleasant scenario leads to the identity crisis amongst the children and adolescents. Identity crisis is a period of uncertainty and confusion in which a child's identity becomes insecure typically due to change in their expected aims or role in society. Being a parent myself, I have been no exception to the general trend of this suffocating situation. But I am thankful to God, who led my way to 'Drishti' in the year 2009, which changed my outlook.

I got the message that "Love is a language that every heart can understand" and perceived how colourful life could be if the children are not treated like caged parrots!

The eyes seeking for love, dependency, affection, appraisal were very difficult to be ignored. Their extended hands of friendship brought metamorphosis in my thoughts. What are we running after? What is our limit of success? What is our limit of satisfaction? Someone in my heart, in Tagore's words said - "Aloker ei jhorna dharay dhuiye daao."

I was given the lesson of life through these children at Drishti.

I was enlightened in my profession of teaching. I deeply believe, in my heart, that as long as I'm with these 'children of lesser God' I would enrich myself with heartfelt experiences and spread them in our society.

"The journey of a thousand miles begins with one step."

## Dealing with the mind: Concerning the concerned

Saibal Mukhopadhyay

*“Throw away all weakness. Tell your body that it is strong, tell your mind that it is strong and have unbounded faith and hope in yourself.” -Swami Vivekananda*

Mind is the most critical part of being human. It is very difficult to deal with it. It becomes more difficult, especially when a child requires certain special care. Children with special health care needs are defined by the Maternal and Child Health Bureau as: “Those who have one or more chronic physical, developmental, behavioural, or emotional conditions and who require health and related services of a type or amount beyond that required by children generally.” The different types of special needs include Autism, ADHD, Cerebral palsy, Down syndrome, Emotional disturbance, Epilepsy, Reading / learning disabilities, and Intellectual disabilities. Special health care needs include any physical, developmental, mental, sensory, behavioural, cognitive or emotional impairment or limiting condition that requires medical management, health care intervention, and/or use of specialised services or programs.

Parenting is a challenging task under any circumstances. However, when a child is born or diagnosed with special needs, parents or their primary

care-givers face with even more unexpected challenges. Parents of special needs children have to deal with a number of challenges and one of them involves managing the physical demands of the child’s emotional needs as well as their own. These children’s require emotional strength and flexibility. The child has special needs in addition to the regular needs of all children and parents find themselves with various medical, care-giving and educational responsibilities. Whether the special needs of the child are minimal but complex, the parents are inevitably affected. Support from family, friends, the community or paid care-givers is critical for maintaining balance in the home.

Parents also need to understand and manage the child’s emotional needs as well as their own. Although their experiences may differ, many parents have similar emotional dynamics. Therefore, parents have to be aware of the various emotions involved, learn how to address them and realise that their experiences and feelings are normal.

Emotional Issues: Parents commonly



experience a gamut of emotions over the years. They often struggle with guilt. One or both parents may feel as though they somehow caused the child to be disabled, whether from genetics, alcohol use, stress or other logical or illogical reasons. This guilt can harm the parent's emotional health if it is not properly dealt with. Some parents struggle with "why" and experience a spiritual crisis or blame the other partner. Most parents have aspirations for their child from the time of her birth and can experience severe disappointment. These parents must deal with the "death" of the perfect child who existed in their minds and learn to love and accept the child they have. Occasionally, parent feels embarrassed or ashamed that their child is mentally disable.

**Physical Exhaustion and Stress:**Physical exhaustion can take a toll on the parents of a mentally challenged child. The degree of this is usually relative to the amount of care needed. Feeding, bathing, moving, clothing an infant is much easier physically than doing the same tasks for someone who weighs heavy. The child may have more physician and other health-care appointments than a typical child and may need close medical monitoring. He may also need to be watched to avoid inadvertent self-harm such as falling down stairs or walking into the streets. These additional responsibilities can take a physical toll on a parent, leading to exhaustion. The American Academy of Family Physicians relates that these issues can cause significant caregiver stress.

**School-Related Issues:** The parent of a child with developmental disabilities may have to deal with complex issues related to education. Either a private education must be sought, or an adequate public education must be available. Parents often have to advocate for their child to receive a quality educational experience that will enrich them. This often requires close parental contact with the school system. The parent must monitor the child's interactions with others to ensure that the child is not being bullied.

**Financial Concerns:** Raising a child with a mental challenge may be more expensive than raising a typical child. These expenses can arise from medical equipment and supplies, medical care, caregiving expenses, private education, tutoring, adaptive learning equipment or specialised transportation. The care of the child may last a lifetime. Parents may have to set aside money in a trust fund for the child's care when they pass away.

Now the question arises how the parents cope in such a situation. Folkman (2010) mentioned that the relationship between hope and coping is dynamic and reciprocal. Each in turn supports and is supported by the other, particularly in managing uncertainty and coping with a changing reality. One way for a person to have hope during challenging times is to have goals. With goals, parents would be able to focus on their child's achievements, however tiny these successes are, such as being able to drink two sips of milk instead of one.

Over time, as the child and his/her parents absorb more information and their implications, they would in turn begin to formulate more realistic expectations and shift their implications, they would in turn begin to formulate more realistic expectations and shift their focus from hoping for unrealistic outcomes, such as a cure, to hoping for more plausible outcomes, such as hope in living longer than expected, being well cared for and supported, having good pain and symptom control and hope of getting to certain milestones.

Adler (Ansbacher&Ansbacher,1964) introduced the term 'organ inferiority' to explain his view of looking at disabilities. It refers to one's internal frame of reference that determines the significance of events and life forces. Adler further concluded that the responsibility of failure cannot be placed completely on hereditary or physical conditions. He believes that it is the method of educating the child that must shoulder the burden of failure not a child's physical disability. In other words, the better the training received by the child, the greater the hope for the child's ability to contribute and belong to society. Hence, parents must refrain from overindulging or overprotecting the child, as such behaviour can take away the very experiences that will help the child adapt to life successfully.

Besides that, various literatures have suggested a myriad of ways for parents to cope. One of them is to find a support system by meeting and interacting with other families of children with special

needs. Learning from one another can be very empowering for the parents as they go through similar journeys in caregiving. They need to surround themselves with nurturing people that are accepting of the child and parenting choices. It is also helpful to equip themselves with the relevant knowledge and skills in taking care of their children, via books, the internet or engaging in active discussions. Utilising religious or spiritual resources or beliefs could also be helpful.

In conclusive part it can be said that other than providing unconditional love, parents should learn to accept the child for who he/she is, identify what the child has instead of what he/she lacks, as well as to acknowledge the child as an individual who may have different life goals. It is also important to focus on the present instead of the future, as the saying goes "it is the journey that counts, not the destination".

Parents need to understand what their life is about and that they will be facing a range of different challenges related to their children. It is also important for parents to accept the need to take care of themselves.

In nutshell, the following points are essential to balance the mental control of the parents of special children:

- Allow yourself to accept that things will be difficult on a regular basis.
- Don't get caught up with the "super-mum" parenting style that so many people with neuro-typical children adopt on social media, because it's all hyperbole; I can all but guarantee that their posts

are designed to make themselves look better, as we live in an age where many believe that if you're not perfect, then you're not good enough.

- Make a note of the good moments, not just the bad. The more you focus on the highs in your life, the less important the lows will appear to be.
- Don't be afraid to ask for help. Sometimes you just need an hour to yourself to catch up on a bit of sleep or enjoy a hobby. There will be people around you that will be happy to watch your child for a short time, so ask them.
- Stick up for your child and their rights without being confrontational. It is known that how tempting it is to scream a few choice words at the old lady who has just told you that this kind of problem wasn't a thing in her day. It really isn't worth it. She won't learn, but you can be the better person by kindly educating her ignorance.
- If you feel lonely (aloof from the soci-

ety) or you feel depressed to handle the situation, take help from good counselor to show you the better way to handle the situation.

#### **References:**

- Folkman, S. (2010) Stress, Coping and Hope, Psycho-Oncology, 19:901A 908, Wiley Online Library, Canada.
- Report published by National Institute of Mental Health on January 2017.
- Snell, S.A. and Rosen, K.H. (1997) Parents of Special Needs Children Mastering the Job of Parenting, Contemporary Family therapy, 19(3), 425-442, Kluwer Academic Publishing, USA.
- Yura, M.T.(n.d.) Raising the Child with Special Needs, Individual Psychology: The Journal of Adlerian Theory, Research & Practice, University of Texas Press, USA.
- The Complete Works of Swami Vivekananda (Vol. 8)
- Swami Vivekananda and Winning Formulas to Become Successful manager By : ARK Sharma
- Winning Friendship Swami Vivekananda's Ways By : ARK Sharma

**With best compliments from :**

**Prism Light Signages LLP**

## **FUTURE HOPE!**

Shubhra Haldar

I was teaching in regular schools, little did I know how different it would be to teach children with learning disability. In spite of teaching over long period I realized the challenge of interacting with the differently able children and how critical it is for teachers to teach meaningfully to a special child. The process of regular teaching completely differs from that of teaching special children. Apart from teaching skills the teacher must have the right mind set and have the desire to help these students with immense patience and deep understanding. It's very important to love this profession else it would be difficult to pursue with this kind of teaching for any teacher.

Today there is a growing awareness worldwide for inclusive education where all children irrespective of abilities, specific learning difficulty should be taught together. Reasons have been forwarded for this approach as well. In my opinion here there is an urgent need for regular teachers having to reskill themselves or undergo workshops and specific training to handle the children of all abilities together in a same classroom situation.

But does every school have the effective trained professionals and plans to have an environment which will promote inclusive education? Do the schools have the required skilled teachers, learning materials and infrastructures? These questions arise in my mind. In special education individual plans for children are important to suit their needs and requirement. Some are visual learners some are auditory learners as well. Each child has difficulties at different levels of cognitive development, communication, concentration and other skills.

A special educator's role has great importance in a classroom where special children are present. It is extremely important that all related professionals working in the field of special education come together to plan a roadmap for this social need.

After all by educating and training the differently abled children and pupil we can only benefit the society and country as they are none apart from us. Unless they are involved in contribution in the community all training remains meaningless in their real life. Utilization of learned skills will not only provide involvement but improve their self-advocacy.

## সহকারী প্রযুক্তি (Assistive Technology)

বন্দন কুমার সি

উনবিংশ শতাব্দীতে বা তারও পূর্বে বিশেষ শিক্ষা ব্যবস্থার প্রচলন, ক্রমশ এই শিক্ষা ব্যবস্থা সর্বস্তরে বিস্তার লাভ করতে না পারলেও কিছু ক্ষেত্রে করেছে। ভারতবর্ষের বিভিন্ন আর্থ-সামাজিক কারণে এই শিক্ষা ব্যবস্থা সুনির্দিষ্ট বা সুপরিষ্কৃত ভাবে আলকপাত করতে পারেনি। বিশেষ করে মানসিক অক্ষমতা সম্পন্ন শিশুদের ক্ষেত্রে যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা প্রচলিত হয়নি। যা এই ধরনের শিশুদের পিতামাতাদের কাছে মানসিক হতাশার কারণ হয়ে দাঁড়িয়েছে। শুধুমাত্র পিতামাতা মানসিক হতাশার ভুক্তভোগী তা নয়, পারিপার্শ্বিক ভাবে বিশেষ শিক্ষক/শিক্ষিকারাও এর অন্তর্গত। তাঁরা এই শিশুদের শিক্ষাদানের প্রচলিত কয়েকটি রীতিনীতির গণ্ডি পেরিয়ে আলাদা কোন নতুন রীতিনীতির প্রচলন ঘটাতে পারছেন না। কেন্দ্র, রাজ্য শিক্ষা-বিভাগ ও ভারতীয় পুনরবাসন কেন্দ্র (Rehabilitation Council of India) দ্বারা বিভিন্ন কর্মসূচী গৃহীত হলেও সেগুলির বাস্তবিক প্রয়োগ তেমন একটা দেখা যায়নি। বিভিন্ন সমীক্ষার ফলাফল থেকে দেখা গেছে যে মানসিক অক্ষমতা সম্পন্ন শিশুদের শিক্ষার হার তেমন একটা উন্নতি সূচক পর্যায়ে পৌঁছায়নি। বিশেষ করে NSSO (National Sample Survey Organization) এর সমীক্ষা পত্র দেখলে তা ভালভাবে বুঝতে পারা যায়।

চতুর্দিকে ক্রমশ মানসিক অক্ষমতা সম্পন্ন শিশুদের প্রশিক্ষণ কেন্দ্র, বিশেষ বিদ্যালয়, সমন্বিত বিদ্যালয়ের সংখ্যা বেড়েছে ঠিকই কিন্তু শিক্ষা ব্যবস্থা বা পরিকাঠামোর তেমন কিছু রদবদল হয়নি, এমনকি সাধারণ বিদ্যালয়ের পাঠ্যক্রম ও বিশেষ বিদ্যালয়ের পাঠ্যক্রম একই। যদি মানসিক অক্ষমতা সম্পন্ন শিশুদের প্রাপ্ত নম্বর ভিত্তিতে মাপকাঠির সূচক দিয়ে এদের বুদ্ধ্যাক্ষ পরিমাপ করা হয় তাহলে এই ধরনের শিশুরা আরো পিছিয়ে পড়বে। আমরা যদি এইসব শিশুদের শিক্ষাব্যবস্থা নিয়ে চিন্তাভাবনা করতাম তাহলে ভারতবর্ষের বৃহৎ মাইকেল ফেল্ডস (ADH-

D), ক্রিস্টোফার নাইট (ADHD), জাস্টিন টিম্বারলেক (ADD & OCD), এদের মতো কিছু বিখ্যাত মানুষের নিদর্শন পেতাম। প্রচলিত শিক্ষাব্যবস্থার (Traditional Education System) সাথে সহকারী প্রযুক্তির (Assistive Technology) শিক্ষাব্যবস্থার মিশ্রণ ঘটিয়ে যদি এক নতুন শিক্ষাব্যবস্থার রূপরেখার চিত্র অঙ্কন করা যেত তাহলে এই শিশুদের শিক্ষাব্যবস্থা এক নতুন রূপ পেত। সহকারী প্রযুক্তি হল এমন একটি মাধ্যম, যার মাধ্যমে মানসিক অক্ষমতা সম্পন্ন শিশুদের বা শিক্ষার্থীদের শিক্ষাক্ষেত্রে বা কর্মক্ষেত্রে তাদের অক্ষমতাকে বা প্রতিবন্ধকতাকে কিছুটা সক্ষমতার রূপপ্রদানে সাহায্য করে তাদের জীবনযাত্রাকে সুগম করে তোলে। সেই অর্থে আমরা বলতে পারি না যে সহকারী প্রযুক্তি এর মাধ্যমে মানসিক অক্ষমতা সম্পন্ন শিশুদের মানসিক সমস্যা গুলিকে দূরীভূত করা যায়। এই প্রযুক্তির মাধ্যমে মানসিক অক্ষমতা সম্পন্ন শিশুদের বা শিক্ষার্থীদের অভ্যন্তরীণ অক্ষমতাগুলিকে সক্ষমতার রূপে প্রকাশ করতে সাহায্য করা যায়।

ধরা যাক- একজন দৃষ্টি অক্ষমতা সম্পন্ন (Visually Impairment) শিশু বা শিক্ষার্থী ব্রেইলের (Braille) মাধ্যমে তার শিক্ষাগ্রহণ করতে পারে। তেমনি ভাবে শ্রবণ অক্ষমতা সম্পন্ন (Hearing Impairment) শিশু বা শিক্ষার্থী Sign language to conversation software এর মাধ্যমে দূরবর্তী কোন মানুষের সাথে যোগাযোগ স্থাপন করতে পারে। Sign language to conversation software ও Braille এই প্রযুক্তি গুলি হল সহকারী প্রযুক্তির (Assistive Technology) উদাহরণ। এই প্রযুক্তিগুলি ব্যবহারের মাধ্যমে দৃষ্টি ও শ্রবণ অক্ষমতা সম্পন্ন শিক্ষার্থীরা তাদের অক্ষমতাকে দূরে সরিয়ে স্বাভাবিকভাবে সবার সাথে যোগাযোগ স্থাপন ও শিক্ষাগ্রহণ করতে পারে। মানসিক অক্ষমতা সম্পন্ন শিশুদের বা শিক্ষার্থীদের ক্ষেত্রে এর প্রয়োগ অনেকখানি কম বিশেষ করে উন্নয়নশীল দেশগুলির ক্ষেত্রে।

সহকারী প্রযুক্তি কে আমরা সাধারণত দুই ভাগে ভাগ করি - হাই টেক অপশ্যান্স (High Tech Option) ও লো টেক অপশ্যান্স (Low Tech Option)। মানসিক অক্ষমতা সম্পন্ন শিক্ষার্থীদের শিক্ষাদানের ক্ষেত্রে হাই টেক অপশ্যান্সের প্রয়োজ্যতা বেশি দেখা যায়। হাই টেক অপশ্যান্স প্রযুক্তিগুলি বা মাধ্যমগুলি কিভাবে ব্যবহৃত হয় তা নিম্নে সংক্ষিপ্তকারে বর্ণনা করলাম।

ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার:- সাধারণত ডিসগ্রাফিয়া (Dysgraphia) শিক্ষার্থীদের ক্ষেত্রে এই সফটওয়্যারটি বেশি ব্যবহৃত হয়। এই সফটওয়্যারের মাধ্যমে শিক্ষার্থীদের মৌখিক ভাষাগুলিকে লেখায় পরিণত হয়, বানানগত ভুল গুলিকে ঠিক করা যায় ও বাক্যগঠন করা যায়। এই মাধ্যমের দ্বারা শিক্ষার্থী যেমন সহজ উপায়ে শিক্ষাগ্রহণ করতে পারে তেমনি শিক্ষকও সহজ উপায়ে শিক্ষাদান করতে পারেন। এইভাবে ডিসলেক্সিয়া (Dyslexia), এডি এইচ ডি (ADHD), ডিসক্যালকুলিয়া (Dyscalculia), ও বিভিন্ন মানসিক অক্ষমতা সম্পন্ন শিশুদের ক্ষেত্রে - Text to Speech, Voice to Text, Voice to print, Multi-sensory Intervention, audiobooks, ও Proof Reading এই মাধ্যমগুলিকে ব্যবহারের দ্বারা শিক্ষার্থীদের সহজ উপায়ে শিক্ষাদান করা যায়। যে সব শিক্ষার্থীরা ডাউন সিনড্রোম (Down syndrome) আক্রান্ত তাদের ক্ষেত্রে স্মার্ট বোর্ড (Smart

Board) ও স্মার্ট পেনের (Smart pen) মাধ্যমে তাদের যথোপযুক্ত শিক্ষাদান করা যায়। এমনকি পরীক্ষামূলক ভাবে দেখা গেছে যে অ্যাটিসটিক (Autistic) শিক্ষার্থীদের জন্য Autiplan, Go talk pocket, Bluebee pals, Speech ti text programs এই সহকারী প্রযুক্তি গুলি ব্যবহার করা যায়।

সহকারী প্রযুক্তি ব্যবহারের পূর্বে বিশেষ শিক্ষক/শিক্ষিকাদের কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আলোকপাত করতে হয় - মানসিক অক্ষমতা সম্পন্ন শিক্ষার্থীদের সম্পর্কে সন্মতভাবে জ্ঞান থাকতে হবে, খেরাপি ও টেকনিকের ব্যবহারের প্রত্যেকটি শিক্ষার্থীর শিক্ষা গ্রহণের ক্ষমতার উপর নির্ভর করে, নির্দেশক বা বিশেষ শিক্ষক/শিক্ষিকাকে সহকারী প্রযুক্তির ব্যবহার, উদ্দেশ্য এবং উপকরণগুলি কিভাবে চালনা করলে শিক্ষার্থীরা সঠিক তথ্য গ্রহণ করতে পারবে সেইসব বিষয়ে অবগত থাকতে হবে।

সর্বাস্তকরণে বলা যায়, মানসিক অক্ষমতা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রচলিত শিক্ষাব্যবস্থার সঙ্গে সহকারী প্রযুক্তির মিশ্রণ ঘটিয়ে যদি এক নতুন পদ্ধতির প্রচলন করা যায়, তাহলে নির্দিষ্ট রীতি-নীতির গণ্ডি পেরিয়ে তারাও এক নতুন জীবনের আশার আলো দেখতে পাবে।

With best compliments from:-

**KOHINOOR ENTERPRISES**

Office: 26/1 POLLOCK STREET, KOLKATA-700001. WB  
 direct mobile +919831298127  
 direct mail--amit\_kedia@ymail.com  
 Ph-(033) 40042016/39850186/0086,  
 website <http://kohinoorenterprises.net>  
 direct mail -amit\_kedia@ymail.com  
 office email- [info@kohinoorenterprises.net](mailto:info@kohinoorenterprises.net)

**WE ARE PRIME DEALERS/DISTRIBUTORS IN**

**L&T SWITCHGEAR** **RECOM** **WAGO** **SS4**

KOHINOOR ENTERPRISES

**We are also dealings in cables & wires of different types, jointings kits ,earthing materials,lumanaries ect**

A HOUSE OF COMPLETE SOLUTIONS EVERYTHING IN ELECTRICAL AND PANNEL ACCESSORIES  
 Prime distributor in L&T switchgears in Eastern India



## সুবুদ্ধির বুদ্ধি

গল্পদাদু

সেকালে বিদ্যাপর্বতের দক্ষিণে মনিমণ্ডল নামে একটা রাজ্য ছিল। কৃষিকাজের চলন ছিল না সেখানে। দেশটাতে ছিল শয়ে শয়ে খনি, কোনটা সোনার, কোনটা হীরের, কোনটা পান্না-চুম্বি বা অন্য কোন মূল্যবান পাথরের। ছড়ানো-ছিটানো কয়েক-শো কারখানা ছিল রাজ্যে। সেখানে কাজ করতো লাখো লাখো ওস্তাদ কারিগর। খনি থেকে তুলে আনা পাথরগুলোকে কাটাই-ছাঁটাই করতো তারা, রূপ দিতো নানান সব মণিমাণিক্যের। দেশ বিদেশ থেকে আনাগোনা করতো হাজার হাজার সওদাগর। সওদা করে নিয়ে যেত রকমারি সব হীরে জহরত।

বিদেশী বণিকদের কিন্তু সব থেকে পছন্দের ছিল মনিমণ্ডলের মুক্তো। এত ভাল মুক্তো আর কোথাও পাওয়া যেত না। রাজার ছিল পাঁচ-সাতশো জলাশয়। সেখানে নানান ধরনের বিনুকের চাষ হতো সারা বছর। সেইসব বিনুকের পেট থেকে বেরোতো দামী দামী সব মুক্তো। বিদেশী বণিকেরা সেইসব কিনে নিয়ে যেতো চড়া দামে। দিন দিন তাই মণিমণ্ডল ঐশ্বর্য বেড়েই চলছিল। রাজ্যে সব জিনিসের ছিল প্রাচুর্য। প্রজাদের পনেরো আনাই ছিল শ্রমিক, আর সবাই সঙ্গতিপন্ন। সন্ধ্যাবেলা সাজ সাজ ক'রে নগরের সুসজ্জিত উদ্যান গুলোতে জটলা পাকাতো তারা, কেউবা আড্ডা দিতো প্রমোদ-ভবনে। নগরের নাট্যশালা, পানশালা, বা প্রমোদ ভবনের অভাব ছিল না। অভাব ছিল শুধু দেব-দেবীর উপাসনা-মন্দিরের।

আসলে মনিমণ্ডলে পূজা-অর্চনার রেওয়াজ ছিল না আদৌ। যে ক'ঘর পূজারী ব্রাহ্মণ ছিল নগরের মধ্যে তারাই সব থেকে দরিদ্র। শ্রমিকের কর্মকে তারা হীন কার্য বলে মনে করতো কুলধর্ম ছেড়ে কারিগরের কাজ শেখার আগ্রহ ছিল না কারও। অপরপক্ষে পুরোহিতের কাজে উপার্জন ছিল নগণ্য।

মনিমণ্ডলের রাজার নাম ছিল ত্রিবিক্রম। রূপ-গুণ, বিদ্যা-বুদ্ধি, শৌর্য-বীর্য কোনটারই অভাব ছিল না তাঁর।

কিন্তু হলে হবে কি? এমন রাজারও খুঁত ছিল একটা। এমনিতে মুখখানি তাঁর নিখুঁত। টিকানো নাক, টানাটানা চোখ, টুকটুকে ঠোঁট। আলাদা আলাদা ক'রে দেখলে মুখখানি তুলনা মেলা ভার। কিন্তু মুখে তাঁর হাসি দেখেনি কেউ। যতই সুন্দর হোক, গোমড়া দেখতে ভাল লাগে না কারো। এই নিয়ে রাণী হিরন্যপ্রভার দারুণ অশান্তি। প্রজাদের মনেও সুখ ছিল না।

রাণী একদিন রাষ্ট্র ক'রে দিলেন,- মহারাজাকে যে হাসাতে পারবে তাঁকে তিনি নিজের মহামূল্য কণ্ঠহার উপহার দেবেন। ঘোষকরা গ্রামে-গঞ্জে চেড়া পিটিয়ে প্রচার ক'রে দিলে রানীর প্রতিজ্ঞার কথা। কারো কিন্তু সাহস হলো না অমন গোমড়া মুখো রাজারজার মুখোমুখি দাঁড়িয়ে হাস্য-পরিহাসের কথা বলার।

নগরের উপকণ্ঠে সুবুদ্ধি নামে এক পূজারী ব্রাহ্মণ থাকতো। দারুণ গরিব সে। তার ছিল একটি বিবাহযোগ্য কন্যা। ভাবনা-চিন্তায় ঘুম হতো না তার।

হঠাৎ একদিন সুবুদ্ধির পেটে শূল-বেদনা শুরু হলো। সে কি যন্ত্রণা, যায়-যায় অবস্থা। কাটা ছাগলের মত ছটফটকরতে লাগলো। তিনদিন ধ'রে নানান টোটকা চললো সমানে। ব্যথার উপশম হলো না তাতে। শেষে আর সহ্য করতে না পেরে মরিয়া হয়ে হাজির হলো গিয়ে রাজ-বৈদ্যের কাছে। তিনি ছিলেন দয়ালু। সুবুদ্ধিকে উল্টে-পাল্টে দেখলেন অনেকক্ষণ। বললেন- 'পেটে তোমার পাথর হয়েছে। অস্ত্রোপাচার করতে করতে হবে'।

'কী বললেন দেব! পাথর হয়েছে? ঠিকঠাক শুনছি তো?' আনন্দের আতিশায়ে টেঁচিয়ে উঠলো সুবুদ্ধি- 'আর একবার আপনার মুখে শুনি প্রভু! পেটে আমার পাথর হয়েছে তো? জবাব-হ্যাঁ, পাথরই হয়েছে'।-রাজবৈদ্য অবাক। এমন মানুষ দেখেননি কোনোকালে। বললেন 'পেটে পাথর হওয়াটা সুসংবাদ নয়। এত ফুর্তি কিসের?

সুসংবাদ নয়? বলছেন কি আপনি? মহা-সুসংবাদ; বলতে

বলতে তিন লাফে রাজবৈদ্যের প্রাঙ্গন পার হয়ে পড়লো গিয়ে রাজপথে। অবাক দৃষ্টিতে চেয়ে রইলেন রাজবৈদ্য। মনে মনে বললেন ‘পাগল’!

ওদিক রাজা ত্রিবিক্রম তখন গোমড়া মুখ নিয়ে বসছিলেন সিংহাসনে। রাজসভার দু-দিকে সভাসদবর্গ, গাভীর্যপূর্ণ আলোচনা চলছিল। রাজকার্যে ব্যস্ত সবাই। এমন সময় ঢুকলো সুবুদ্ধি, ছুটতে ছুটতে। পেছনে উদ্যত-খড়গ প্রহরীর দল। ধড়াস্ ক’রে পড়লো গিয়ে সে মহারাজার পাদুকার ওপরে। হাত তুলে প্রহরীদের নিবৃত্ত করলেন রাজা। শুধালেন সুবুদ্ধিকে,- ‘কী চাও তুমি?’

অনেকটা পথ দৌড়ে এসে হাঁপাচ্ছিল সুবুদ্ধি। সঙ্গে সঙ্গে উত্তর দিতে পারলো না। হাত জোড় ক’রে মিনতি-ভরা চোখে চেয়ে রইল রাজার পানে। তারপর খানিকটা সামলে নিয়ে সে,- ‘দয়া ক’রে আমাকে কিনে নিন মহারাজ। আপনি ধর্মান্বিত; তাই উচিত মূল্যই আশা করছি আপনার কা..কিনে নিয়ে মারুন, কাটুন, ছিঁড়ুন। পেটের ভেতর আমার যা কিছু আছে সব তখন আপনার সম্পত্তি মহারাজ। অধীনের শুধু এইটুকু প্রার্থনা যে প্রাপ্য অর্থটা যেন আগাম পাই; অরক্ষণীয় কন্যাটির বিয়ে হয়ে যাবে তাতে’। বলে আবার হাঁপাতে লাগল সুবুদ্ধি।

রাজা তো অবাক! বলে কি লোকটা? পাগল নাকি? শুধালেন,- ‘তোমার পেটে মূল্যবান বস্তু আছে বুঝি? কী জিনিস শুনি আর উচিত-মূল্যই বা কত?’

‘পাথর প্রভু! পাথর!’-বলল সুবুদ্ধি, ‘পেটে পাথর আছে। এইমাত্র মহামান্য রাজবৈদ্যের কাছে শুনে এলাম আমি, আমাকে পরীক্ষা ক’রেই বলেছেন তিনি। ...আর উচিত মূল্য? সে আর আমি কি বলব মহারাজ। আপ্নি-ই ঠিক করে দেবেন। সামান্য পূজারী ব্রাহ্মণ আমি, মণি-মুক্তোর দর

জানবো কি করে?...তবে আমার ক্ষুদ্র বুদ্ধিতে যা বলে তা শুনতে চান তো বলি’। সুবুদ্ধির কথাবার্তায় দারুণ কৌতূহল হল রাজার। বললেন ‘বল শুনি’।

‘হিসেবতা তো সোজা মহারাজ,- সাহস পেয়ে বলল সুবুদ্ধি,- ‘বিনুকের পেটে যে পাথর হয় তার দাম শুনেছি অনেক। আর আমি তো মানুষ। মানুষের পেটের পাথর নিশ্চয় আরো দামী’।

রাজা একথা শুনে আর গোমড়া থাকতে পারলেন না। হো হো ক’রে হেসে উঠলেন। রাজার অট্টহাসিতে রাজসভা গম্ গম্ করে উঠলো। সভাসদরাও যোগ দিলেন সে হাসিতে। দেখে-শুনে সুবুদ্ধি গেলো হকচকিয়ে। এত হাসি কেন! মূল্যটা কি সে বেশী চেয়ে ফেলেছে? হাত-জোড় ক’রে বিনীত-কণ্ঠে বলল সে,- ‘বিনুকের পেটে যে পাথর হয় তার যা মূল্য সেটুকু পেলেই মেয়েটির আমার বিয়ে হয়ে যাবে। তার বেশী চাইনা মহারাজ’।

‘জয় হোক মহারাজের’- মহারানীর কণ্ঠ শোনা গেল। রাজসভায় পুরনারীদের বসার জন্যে জাফ্রি-ঘেরা যে অলিন্দ ছিল সেখান থেকে রাণী বললেন,- ‘ব্রাহ্মণ প্রবর সুবুদ্ধিকে আমি আমার কণ্ঠহার দিলাম’।

এ ঘটনার পর সুবুদ্ধির কপাল গেল ফিরে। মহারাণীর দেওয়া রত্নহারের দৌলতে কন্যাদায় থেকে উদ্ধার হল সে। মহারাজের আনুকূল্যে রোগমুক্ত হলো রাজবৈদ্যের চিকিৎসায়। রাজসরকারে চাকরীও হলো একটা। রাজার মুখে হাসি দেখে অশান্তি ঘুচলো রাণীর। সুখী হলো প্রজারাও।

কিন্তু বাকী পূজারী ব্রাহ্মণরা? তাদের কপাল কি করেছিল? জানি না। তবে ধরে নিতে পারো সুবুদ্ধি নিশ্চয়বুদ্ধি খাটিয়ে কিছু একটা করেছিল।



**প্রতিবন্ধী**

ফারুখ হায়দার

আমরা সত্য সৎচরিত্র ধনহীন ধনবান  
 পাঠিয়েছো মোদের এত অনআদরে  
 কেন তুমি ভগবান?  
 দূরে ঠেলে রাখে, মজা নিতে থাকে  
 ফিসফিসয়ে ক্ষেপা বলে ডাকে,  
 সমাজ মোদের বোঝা ভেবে দেখে।  
 একদিন যখন দেখা হবে তখন  
 জিজ্ঞাসিব হে প্রভু,  
 কি ভেবেছিলে যখন দিয়েছিলে জীবনক্ষণ?  
 আমরা সত্য সৎচরিত্র ধনহীন ধনবান  
 নাই লোভ বা কোনো ক্ষেভ,  
 নাই লজ্জা সহিতে অপমান,  
 নাই কোনো পুঁজি, বা কিছু খুঁজি  
 স্বর্গের জীবন পৃথিবীতে যুঝি-  
 নাই সংকোচ বা হিংসা, আছে শুধু জিজ্ঞাসা,  
 কবে প্রভু মানুষ পাবো প্রতিষ্ঠান  
 এই জীবন তো তোমারই দান।

**কথা ছিল**

-দ্বীপ

কথা ছিল হাতে হাতে রেখে  
 হেঁটে যাবো বন্ধুর পথে  
 কথা ছিল গোখুলির রঙে  
 মিশে যাবো একসাথে।  
 কথা শুধু জমে জমে  
 হয়েছিল কথামালা  
 আজ ও পড়ে আছে সেই মেদুরতা  
 নিয়ে একরাশ অবহেলা।  
 কথা ছিল.....  
 করেনি হাছতাশ মানেনি মন  
 দ্যাখেনি গোখুলির রঙ ফিকে  
 প্রাণ উবে গেছে এই দেহ থেকে

দেয়নি সুযোগ আগামীকে  
 বিদায় প্রেয়সী এ মায়াবী নেশায়  
 তুমি হও আরো জমকালো  
 আজ বিদায় প্রেয়সী গন্ধে রূপে রসে  
 তুমি থেকে ভালো।

**ভগ্নাবশেষ**

-অমিত দাশগুপ্ত

এ মন এক খোলা খাতা  
 ওলটায় শুধুই পাতা  
 পাল্টায় সাধের জীবন  
 চেতনার অন্য ভুবন।

জীবনের এই কুয়াশায়  
 এই ঘোর অমানিশায়  
 নিখর একভাঙ্গাবশেষ  
 নষ্ট গাঙের এই শেষ।

কথার পাতা শূন্য ফাঁদে  
 এ মন ডুকরে কাঁদে  
 কানাগলি হাতড়ে তখন  
 বানে ভাসে নষ্ট জীবন।

এ বুকের চোরা শ্রোতে  
 প্রতিদিন প্রতিরাতে  
 বেধেঁ বুক নতুন আশায়  
 সূর্যের প্রতীক্ষাতে।

## নগণ্য

-ভিষক

হাসপাতালে পৌঁছে সেদিন যখন সবে আমি  
গাড়ির থেকে নামি,  
দেখছি সে এক বছর দশের ছেলে  
একটা কালো রুগ্ন নেড়ী কুকুরছানা কোলে  
বলছে আমায়, 'বড় ডাক্তারবাবু!  
বাবলু আমার কাল থেকে খুব কাবু।  
কামড়ে ওকে ঘা করেছে দত্ত-বাড়ির ভুলো।  
তাই বেঁধেছি ডেটল-ভেজা তুলো।  
দেখুন না ওর কানের পাশে ইঞ্চিখানেক ক্ষত।  
চার-পা আবার খিঁচছে, কেমন কাঁদছে অবিরত।  
শেষকালে কি ওর টিটেনাস হলো?  
এইতো সেদিন এই রোগেতেই মলো  
ছুতোর-কাকার মিষ্টি মেয়ে পাঁচ বছরের রাণী।  
তারও কানে ঘা ছিল যে জানি।  
কী হবে গো বড় ডাক্তারবাবু,  
কেমন করে বাঁচবে আমার হাবু?  
এই বলে সে কুকুরটাকে আদ্র-সোহাগ-ভরে  
বক্ষে চেপে ধরে  
রইলো চেয়ে আমার পানে, চক্ষু ছলোছলো।  
এ তো দেখি আচ্ছা ফ্যাসাদ হলো!  
একটুখানি কেশে  
বলনু তাকে, 'দূর বোকা তুই সাত-সকালে এসে  
বললি কিনা দেখতে হবে কুকুরছানাটাকে!  
বলিস কি তুই কাকে?  
আমরা দেখি মানুষ রোগী, কুকুর-টুকুর দেখার  
বিদ্যে তো নেই শেখা।  
এই কথাটি যেই শুনেছে কানে  
দু-চোখ তুলে আজব চাইল আমার পানে।  
আমার কথায় কোথায় যেন ভরসা পেয়ে মনে  
কাতর হাসি হেসে ঠোঁটের কোণে  
বললো সে, 'এই হাবলু যখন মাঠে আমার সাথে  
কিংবা বারান্দাতে  
কায়দা করে দু-ঠ্যাঙ তুলে মজার খেলা খেলে,  
সবাই বলে কুকুর-ছা নয়, ঠিক মানুষের ছেলে।  
বড় ডাক্তারবাবু!

একটু দয়া করুন তাকে, আজ সে ভীষণ কাবু।  
সেদিন থেকে জখন-তখন কেবল মনে জাগে,  
কে বোঝাবে অবোধ ছেলেটাকে-  
হাবলু তাহার হোকনা যতই প্রিয়  
কুকুর সে যে কুকুর শুধু; তার বেশি আর কী ও?

## টেকোদার ছড়া

-কাঞ্চনবরণ অধিকারী

টাকে যদি টোল খায়  
টেকোদাদা ভয় পায়;  
তবু আশা মনে মনে ভেবে -

শাস্তরে আছে লেখা  
টাক হলে হয় টাকা।  
ভাবনটা বৃথা কেন তবে?

কিন্তু হলে টেলো টাক  
টাকা-কড়ি সব ফাঁক।  
হাঁক পাক করে কিবা হবে।

এই সব ভেবে তাই,  
টেকোদার ঘুম নাই।  
দিন-রাত মরে ভেবে ভেবে।

টাকে টোল খেলো কী?  
কেউ দেখে দেবে কী?  
না-দিলে যে মাথা যাবে খেপে।

অটিসম্

-শুভানু

একটা চৌমাথায় দাঁড়িয়ে আছি কিশলয়  
ঠিক ভুল তিনটে ট্রাফিক আলো নির্ধারণ করে  
রেনম্যান মনে পড়ে তোর  
অটিস্ট সাভান্ট  
ডাস্টিন হফম্যান  
নির্বোধ অসাধারণ  
কেউ তার ভাষা বোঝার চেষ্টা করে না  
সবাই  
সবাই  
এবং সর্বসাধারণ  
তাকে মানুষের ভাষা শেখাতে ব্যস্ত  
সে বিপর্যস্ত  
বিপন্ন  
পণ্য  
দ্রষ্টব্য হতে চায় না মানুষ  
দৃষ্টান্ত হতে চায়  
তফাৎটা মানুষ কিন্তু  
বুঝল না কোন দিন  
তাই আজও কোন্দল  
আজও রক্ত  
আজও  
অবমানন থেকে মানুষ কী শিখেছে  
কিছু কি শিখেছে  
ভিন্ন চিন্তাধারা থেকে  
শিক্ষিতর থেকে কি শিখেছে বন্যতা?  
নিদারণ জৈবিক বেঁচে থাকা?  
সুযোগ তো তবু একটা  
করে দিতে হবে বল  
অগণিত ভিন্ন মগজ-অবলম্বীদের?  
একটা বিপ্লব  
তিয়ানেনমেন স্কোয়ার সম  
দেয়াল লিখন একটা  
একটা বলিষ্ঠ রেখা  
সারা পৃথ্বী একাকার করে

আমরাও আছি  
থাকব  
থাকব, গর্জাব, করব চুরমার  
নিজস্ব দর্পে  
শেষ দৃষ্টি পর্যন্ত  
দৃষ্টান্ত টুকু মোড়া থাক  
অনন্তের ভাঙারে

## আমার অ্যাডভেঞ্চার

আবীর গড়াই

আমি একবার ট্রেনে করে পুরী বেড়াতে গিয়েছিলাম।  
সেবার আমার সাথে অনেকেই ছিল, মা-বাবা, মাসি ও  
আরও অনেকে। প্রায় এক সপ্তাহ ছিলাম পুরীর হোটেলে।  
এক সপ্তাহ যে কী করে কাটল বুঝতেই পারিনি। যেদিন  
ফেরৎ আসব সেদিনকার কথা, পুরীর লোকদের আজও  
মনে পড়ে, কারণ ওই দিনটি আমার জীবনের অন্তিম দিন  
হতে পারত। আমাদের ট্রেন ছিল শ্রীজগন্নাথ এক্সপ্রেস  
ঠিক রাত আট ঘটিকায়। আমরা আমাদের নির্দিষ্ট সময়ের  
আগেই সেটশনে পৌঁছে যাই ও ট্রেনে উঠে পড়ি। তার  
আগে বলে রাখি যে আমি সম্পূর্ণ ছইল-চেয়ার নির্ভরশীল  
ব্যক্তি, সুতরাং আমার চলা-ফেরার জন্য একজন মানুষের  
সহায়তা লাগে। যাই হোক, ট্রেনে ওঠার একঘণ্টার পর  
শুনি যে আমাদের কামরার শীততাপ নিয়ন্ত্রিত যন্ত্রটি কাজ  
করছে না, তাই সব যাত্রীদের আনুরোধ করা হয় নেমে  
যেতে অর্থাৎ আমাকেও নামতে হয়। তার ঠিক একঘণ্টা  
পর যখন নতুন পরিবর্তিত কামরাতে যাত্রীদের উঠতে বলা  
হয় তখন হাতে মাত্র পনেরো মিনিট। স্বাভাবিকভাবেই  
সবাই ছড়মুড় করে ট্রেনে উঠলেও আমি উঠতে পারিনি।  
আমি যেই দরজার কাছে গিয়ে পৌঁছাই ওমনি দেখি ট্রেনটি  
চলতে শুরু করে দিয়েছে। যদি সেইসময় আমার ট্রেনে  
ওঠানোর প্রয়াস হত আমি হয়তো ট্রেনে কাটাই পড়তাম  
ও আমায় সাহায্যরত মানুষও প্রাণ সংকটে পড়তেন। স্বয়ং  
জগন্নাথদেবই আমায় বাঁচিয়েছিলেন। এই ঘটনার কথা  
ভাবলে আজও শিহরণ হয়, আবার অবাকও লাগে।

DRISHTI









DRISHTI







DRISHTI



Paintings by Upal Sengupta



DRISHTI



Sarbani Nag, Consultant Pediatrician

With best compliments from :

**CARTER CONTAINERS COMPANY PVT.LTD.**

With best compliments from :

**METAL PRODUCTS & ENGINEERING CO.**  
(An ISO 9001:2008 Certified Company)

MANUFACTURERS OF METAL DRUMS, KEGS & CONTAINERS  
6, NUTAN PARA ROAD, LILUAH, HOWRAH 711204  
Ph.No. (033) 2645-5392, 2446-1733, Fax (033) 2407-5382  
E-mail:- jalankk@gmail.com

With best compliments from

**SHIV KISHAN SARAF**

**CSA MEDICAL CENTRE**  
**SERVICE WE PROVIDE**

- Fibero Scan (Liver Scanning)
- Endoscopy and Colonoscopy
- CT Scan (3D Reconstruction)
- EEG
- ECG
- Lung Function Test
- TMYT (shortly introduce)
- USG
- Digital X-Ray
- State of the Art Facilities in Laboratory
- Multi Speciality Polyclinic
- Pain Clinic
- Homoeopathy
- Echo Color Doppler
- 24hours Holter Monitoring

*24 Hours Ambulance Service Available.  
EGHS & WBHS rates are also available here.*

**BB-12, Salt Lake, Sec-2, Near Baisakhi Island**  
**Contact No : 033 4064 4065 / 4001 7778 / 4001 7779**  
**Mob.: 8585028600**



DRISHTI

*with best compliments from*

**PASCAL SWITCHCARE INDIA (P) LTD.**

*WITH BEST COMPLIMENTS FROM*



**VISION EYE FOUNDATION**  
(COMPREHENSIVE EYE CARE CENTRE)  
CD-182, Salt Lake, Sector-I,  
(Near SEBA HOSPITAL & CITY CENTRE 1)



**EYE SURGEON**

**DR. SHILADITYA MUKHERJEE**  
(Fellow Aravind Eye Hospital, Madurai)

**VISITING SURGEON: FORTIS  
HOSPITAL,**

**NETRA NIKETAN Golf Green**

**SERVICE AVAILABLE**

Computerized Eye Testing  
Phaco Surgery

Comprehensive Eye Checkup  
Diabetic Retina checkup

Medical Retina service  
Glaucoma Service

VISITING HOURS: 9:00 AM TO - 12:00 NOON (MON/WED/SAT/SUN)  
FOR APPOINT CALL: **9674745506/9830179089/9830059181**

**MEDICLAIM FACILITIES AVAILABLE**



# Qausayn International

**OVERSEAS MANPOWER CONSULTANT**

**Govt. License No. B-0689/KOL/PART/1000+/5/9090/2014**  
**Approved by Ministry of External Affairs**

**Plot-No. Sector –B Metropolitan Co-operative Housing Society**  
**LTD. Canal South Road, P.O - Dhapa, P.S – Pargati Maidan**  
**Kolkata – 700105, Ph : +91033-40068404. Fax – 91-03340068403**

**Email : [qausayn@gmail.com](mailto:qausayn@gmail.com),**  
**Website : [qausayninternational.com](http://qausayninternational.com)**

With best compliments from :



আপনার বাড়ির পুরাতন বই বিক্রয়ের উদ্দেশ্য থাকলে,  
এখানে যোগাযোগ করুন।

If you have old and rare books for sale contact us.  
We help readers to find rare books.

Contact No: - 7278518768/9477277599

DRISHTI

WITH BEST COMPLIMENTS FROM :





With best compliments from

***FE-482, SALT Lake***

DRISHTI

